সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
SUNAMGANJ PALLI BIDYUT SAMITY

জেনারেল ম্যানেজারের কার্যালয়
ওয়েজখালী, সুনামগঞ্জ।
মোবাইল: 01769400075
Web: pbs.sunamganj.gov.bd
E-mail: sunampbs@gmail.com

স্মারক নং-২৭.১২.৯০৮৯.৫৬২.০২.০০৮.২৫. ৯৭৫

তারিখঃ- ১১ ফাল্গুন' ১৪৩১ বঙ্গাব্দ।
২৪ ফেব্রুয়ারি' ২০২৫ খ্রিষ্টাব্দ।

"উন্মুক্ত নিয়োগ বিজ্ঞপ্তি"

সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নবর্ণিত মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (৩ বছর মেয়াদী চুক্তিভিত্তিক) শূন্যপদে লোকবল নিয়োগ/ প্যানেল তৈরীর নিমিত্ত সুনামগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা ব্যতীত বাংলাদেশের অন্য সকল জেলার বৈধ নাগরিকগনের নিকট হতে পদের পাশে বর্ণিত যোগ্যতা থাকা সাপেক্ষে Online-এ **www.pbs.sunamganj. teletalk.com.bd** ওয়েবসাইটের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	প্রার্থীর যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।
মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (০৩ বছর মেয়াদী চুক্তিভিত্তিক)	২৫ (পঁচিশ) টি পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।	পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী মাসিক মূল বেতন ১৪,৭০০.০০ হতে ২৬,৪৮০.০০ টাকা । এছাড়া অন্যান্য ভাতাদি নিয়মানুযায়ী প্রদান করা হবে।	০৫/০৩/২০২৫ খ্রিঃ তারিখ প্রার্থীর বয়সসীমা সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ২৫ বছর এবং পবিসে নিয়োজিত লাইন শ্রমিকগনের ক্ষেত্রে ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।	ক) এসএসসি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। খ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত এবং উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। গ) প্রার্থীকে চারটি মৌলিক গানিতিক প্রক্রিয়া যেমন যোগ, বিয়োগ, গুন ও ভাগ করার দক্ষতা থাকতে হবে। ঘ) প্রার্থীর সুন্দর শারীরিক গঠন এবং অবশ্যই সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে। ঙ) প্রার্থীর হাতের লেখা অবশ্যই সুন্দর হতে হবে। চ) গ্রাহকগণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। ছ) প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাই সাইকেল চালনায় পারদর্শী হতে হবে। জ) গ্রামগঞ্জের প্রত্যন্ত এলাকায় গিয়ে মিটার রিডিং গ্রহণ ও বিল বিতরণের কাজ করার মানসিকতা থাকতে হবে এবং পবিসের লক্ষ্য ও কর্মসূচি সম্পর্কে গ্রাহকদেরকে অবহিত করতে হবে। ঞ) পবিসে কর্মরত লাইন শ্রমিকগণ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার পদে বিভাগীয় প্রার্থী হিসেবে প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে আবেদন করতে পারবেন। ট) নিরাপত্তা জামানত হিসেবে পবিসের ক্যাশ শাখায় ১০,০০০.০০ (দশ হাজার মাত্র) টাকা জমা প্রদান করতে হবে।	সুনামগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা/ নাগরিকগণ আবেদন করতে পারবেন না।

শর্তাবলীঃ

০১। ০৫/০৩/২০২৫ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। বয়সের প্রমানক হিসেবে এসএসসি/ সমমানের সনদ বিবেচিত হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। সমিতিতে কাজ নাই মজুরি নাই ভিত্তিতে নিয়োজিত লাইন শ্রমিকগন মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (০৩ বছর মেয়াদে চুক্তিভিত্তিক) পদে বিভাগীয় প্রার্থী হিসেবে পূর্বানুমতি সাপেক্ষে আবেদনের সুযোগ পাবেন। আবেদনের ক্ষেত্রে অন্যান্য যোগ্যতা থাকা সাপেক্ষে লাইন শ্রমিক (কাজ নাই মজুরি নাই) গনের বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য ।

০২। সরকারী/ আধা-সরকারী/ স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং এ সংক্রান্ত নির্ধারিত ছক পুরণ করতে হবে।

০৩। মৌখিক পরীক্ষার সময় ০২ কপি এপ্লিকেন্ট কপি ও প্রবেশ পত্রের সাথে আবেদনে উল্লেখিত তথ্য প্রমানের জন্য নিম্নোক্ত কাগজাদির ০২ কপি সত্যায়িত (১ম শ্রেনীর কর্মকর্তা কর্তৃক) ফটোকপি সহ মূল কপি প্রদর্শন করতে হবে।
(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।
(খ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদ)
(গ) স্থানীয় ইউনিয়ন/ পৌরসভা/ সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(ঘ) প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঙ) জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন সনদ ।
(চ) সরকারী/ আধা সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে বিভাগীয় ছাড়পত্র/এনওসি। (প্রযোজ্য ক্ষেত্রে)
(ছ) সমিতিতে কর্মরত লাইন শ্রমিকদের কাজের যোগদান পত্র।
(জ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicants Copy) ও (Admit Card)।

০৪। লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচী পরবর্তীতে সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর নোটিশ বোর্ড ও ওয়েব সাইট **www.pbs.sunamganj.gov.bd** এবং পরীক্ষার প্রবেশপত্র টেলিটকের **http://pbs.sunamganj.teletalk.com.bd** লিংকের মাধ্যমে সরবরাহ করা হবে এবং প্রার্থীদের আবেদন ফরমে উল্লিখিত মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

০৫। MCQ এবং লিখিত উভয় পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হবে।

০৬। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূলকপি দাখিল করতে হবে।

০৭। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৮। প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যাবলী অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপুর্ণ থাকলে এবং পরবর্তী যে কোন সময় বিষয়টি সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের গোচরীভূত হলে তাকে চাকুরী হতে বিনা নোটিশে বরখাস্ত করণসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা গোপন করে অথবা অন্যের স্থায়ী ঠিকানা ব্যবহার করে অথবা তথ্য গোপন করে কোনো প্রার্থী নিয়োগপ্রাপ্ত হলে চুক্তি বাতিলসহ তার বিরুদ্ধে দেশে প্রচলিত আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যোগদানের সময় অবশ্যই আবেদনপত্রের সাথে দাখিলকৃত সকল যোগ্যতা, অভিজ্ঞতা এবং অন্যান্য প্রয়োজনীয় সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে । প্রার্থী কোনো সনদপত্রের মূলকপি প্রদর্শণ করতে ব্যর্থ হলে / সনদপত্র গ্রহণযোগ্য না হলে অথবা তথ্য যাচাইয়ে কোনো অসঙ্গতি পরিলক্ষিত হলে তাকে চাকুরিতে যোগদান করতে দেয়া হবে না ।

১১। চাকুরীর জন্য যে কোন ব্যক্তিগত যোগাযোগ বা তদবির বা সুপারিশ চাকুরী লাভের ক্ষেত্রে প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩। নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছর মেয়াদে চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে। এ ০৩ (তিন) বছরের চুক্তির মেয়াদকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপ্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে নূন্যতম ০১/০২ (এক/ দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এ পরবর্তী চুক্তি সম্পাদিত হতে পারে। তবে কোন ভাবেই এ চাকুরী স্থায়ী করা হবে না।

১৪। পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে বা কোন বিরুপ তথ্য পাওয়া গেলে তা অবগত করতঃ কোন প্রকার আগাম নোটিশ ব্যতিরেকে চুক্তি বাতিল করা হবে।

১৫। অত্র পবিসের কর্মকর্তা/ কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালক/ মহিলা পরিচালকগনের স্বামী/ স্ত্রী অথবা উভয়ের রক্তের সর্ম্পকীয় কারো আবেদন করার প্রয়োজন নেই। এছাড়া **সুনামগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাগনের আবেদন করার প্রয়োজন নেই।**

১৬। দুই বা তার অধিক সহোদরের যেকোন একজন আবেদন করতে পারবেন । দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল হবে ।

১৭। ইতঃপূর্বে অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/ বরখাস্ত/ চাকুরীচ্যুত/ স্বেচ্ছায় অব্যাহতিকারী/ শৃঙ্খলাবিরোধী কাজে জড়িত ছিলেন/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নেই।

১৮। নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে যোগদানের সময় সমিতির অনুকুলে ১০,০০০.০০ (দশ হাজার মাত্র) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে। যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে মুনাফাসহ নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।

২০। বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২১। নিয়োগকালীন সময়ে মিটার রিডার কাম ম্যাসেঞ্জার পদের প্রাপ্যতার ভিত্তিতে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূণ্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন / বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে ।

২২। নিয়োগের ক্ষেত্রে বাপবিবোর্ড/ সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে ।

২৩। **<u>অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ</u>**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি **http://pbs.sunamganj.teletalk.com.bd** এই ওয়েবসাইটে আবেদনপত্র পুরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

(i) Online - এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ০৫/০৩/২০২৫ খ্রিঃ রোজ বুধবার, সকাল ১০: ০০ ঘটিকা ।

(ii) Online - এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ২০/০৩/২০২৫ খ্রিঃ রোজ বৃহস্পতিবার, বিকাল ০৫.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User Id প্রাপ্ত প্রার্থীগণ Online -এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার সাম্প্রতিক সময়ে সংগৃহিত (অনধিক ০৩ মাস) রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০* প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০* প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষর সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পুরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online - এ আবেদনপত্র Submit করার পূর্বেই পুরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online - এ পুরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে নিজ দায়িত্বে সংরক্ষণ করবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ** Online - এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পুরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থীর একটি User Id, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। Applicant's Copy তে একটি User Id নম্বর দেয়া থাকবে এবং User Id নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk prepaid mobile নম্ববের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষা ফি বাবদ ১০০ টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২ টাকা অফেরতযোগ্য সর্বমোট ১১২ টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন । এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online -এ আবেদনপত্রের সকল অংশ পুরন করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS এ PBSSUNAM<Space< User Id লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। Example: PBSSUNAM ABCDEF & send to 16222

দ্বিতীয় SMS এ PBSSUNAM<Space> YES< Space> PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। Example: PBSSUNAM YES 12345678 & send to 16222

(চ) পরীক্ষার সময়সূচি ও প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি প্রার্থীর মোবাইল ফোনে SMS এবং **http://pbs.sunamganj.teletalk.com.bd** এ নোটিশের মাধ্যমে জানানো হবে । Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা , SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User Id এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের / কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পুর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহনের সময় এবং উর্ত্তীণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User Id এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

User Id জানা থাকলেঃ

pbssunam<Space> Help<Space>User<Space> User Id লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Pin Number জানা থাকলেঃ

pbssunam<Space> Help<<Space> Pin <Space> Pin Number লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়য়েসাইট **www.pbs.sunamganj.gov.bd** এই বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে অথবা QR কোড স্ক্যানের মাধ্যমে টেলিটকের জব পোর্টাল **https://alljobs.teletalk.com.bd/pbssunam** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য **www.pbs.sunamganj.gov.bd** ওয়েবসাইট হতে জানা যাবে । Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা **alljobs.query@teletalk.com.bd** এবং **sunampbs@gmail.com** ই-মেইলে যোগাযোগ করতে হবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ **https://www.facebook.com/alljobsbdteletalk** -এ ম্যাসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। **(Mail**/মেসেজ এর **subject**-এ **Organization Name: PBSSUNAM; Post Name: *****, Applicant's User ID** ও **Contact Number** অবশ্যই উল্লেখ করতে হবে।)

(ঞ) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমানিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ট) অনলাইনে আবেদন ও নিয়োগ সংক্রান্ত যেকোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(ঠ) শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে ।

২৪/২/২৫

(মিলন কুমার কুন্ডু)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুর প্রচারের অনুরোধসহ) জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়।

০১. পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল)/ পবিস মানব সম্পদ ব্যবস্থাপনা পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২. সিনিয়র সিস্টেম এনালিষ্ট,আইসিটি, বাপবিবো, ঢাকা-(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)
০৩. সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার....................পবিস-১ /২ /৩/৪ ।
০৪. ডিজিএম (সদর দপ্তর-কারিগরী)/ছাতক জোনাল অফিস, সুনামগঞ্জ পবিস।
০৫. এজিএম (ওএন্ডএম), বিশ্বম্ভরপুর/দিরাই/জগন্নাথপুর/শান্তিগঞ্জ/দোয়ারাবাজার/তাহিরপুর/জামালগঞ্জ সাব-জোনাল অফিস, সুনামগঞ্জ পবিস।
০৬. এজিএম (অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/প্রশাসন/ইএন্ডসি/আইটি), সুনামগঞ্জ পবিস।
০৭. এজিএম (আইটি), সুনামগঞ্জ পবিস (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
০৮. নোটিশ বোর্ড, সুনামগঞ্জ পবিস।
০৯. অফিস কপি/মাস্টার কপি।

২৪/২/২৫

(মিলন কুমার কুন্ডু)
জেনারেল ম্যানেজার